ঃ মহাদেবপুর উপজেলা পরিষদে ২৩/০২/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ২৩/০২/২০২২ খ্রি:

সভার সময় : সকাল ১১: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহ্বান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। কৃষি বিভাগ:

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ২০২১-২২ খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় এ বছর বোরো ফসলের লক্ষ্যমাত্রা ২৮০৪০ হেক্টর । এ পর্যন্ত ২৮৫৫০ হে: জমিতে বোরো রোপন করা হয়েছে। এর মধ্যে বোরো হাইব্রিড ১১২০ হেক্টর ও উফশী ২৭৪৩০ হেক্টর জমি রোপন করা হয়েছে। বোরো ও শাক-সবজির অবস্থা বর্তমানে ভাল। কোথাও পোকা-মাকড় ও রোগবালাই এর উল্লেখযোগ্য সমস্যা নেই। বর্তমান অবস্থায় সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ ও সরবরাহ সন্তোষজনক। ২০২১-২০২২ অর্থ বছর রবি মৌসুমে কৃষি প্রণোদনা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
অত্র মহাদেবপুর উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ২৮৫৫০, আলু ১৭৯০, সরিষা ১৮৯০, গম ৪২০ চীনাবাদাম ১০, সূর্যমুখী ২৬.২০, মিষ্টি আলু ৪০, মরিচ ১৭০, পেঁয়াজ ৩৮০, রসুন ৯০, ধনিয়া ১০, ডাল জাতীয় ফসল ১৪০ হেক্টর জমিতে চাষাবাদ করা হয়েছে।
বর্তমানে মাঠে দন্ডায়মান বোরো ধান ও শাক-সবজির রোগবালাই দমন কার্যক্রম জোরদার করণের জন্য মাঠে সার্বক্ষণিক ভাবে উপসহকারী কৃষি কর্মকর্তগণ অবস্থান করছেন। এছাড়াও বিভিন্ন পোকামাকড় সনাক্ত করণের মাধ্যমে কৃষকদের সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে। অধিকন্তু কৃষকগণের সাথে এককভাবে যোগাযোগ দলীয় আলোচনা, মসজিদ,মদ্রাসা, মন্দির, বিভিন্ন হাট বাজারে, রাস্তার মোড়ে পথসভা কার্যক্রম অব্যাহত আছে।

১.২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, অত্র দপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কার্যক্রম প্রতি মাসের ন্যায় আলোচ্য দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য মহিলার মাঝে ঘূর্ণায়মান ঋণ কর্মসূচির কার্যক্রম নেয়া হয়েছে। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রমে যথানিয়মে ৩০ জনকে ৩ মাস মেয়াদে এবং আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রে ৫০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, আমার গ্রাম আমার শহর বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত একটি গ্রামের নিষ্কন্টক খাস বিল, দীঘি খননের ব্যবস্থা গ্রহণ করা যাবে মর্মে জানান। এছাড়া সেচ রেট এর কোন সমস্যা হলে সাথে সাথে সংশ্লিষ্ট বিভাগকে জানানোর জন্য অনুরোধ জানানো হয়। দাপ্তরিক জরুরি অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৪। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, গত জানুয়ারি/২০২২ মাসে ১৫ লক্ষ টাকার বেশী সুদমুক্ত ক্ষুদ্র ঋণ আদায় এবং পুন বিনিয়োগ করা হয়েছে। চলতি ফেব্রুয়ারি মাসেও আদায় ও পুন:বিনিয়োগ কার্যক্রম চলমান আছে। সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতার উপকারভোগীর সংখ্যা শতভাগে উন্নীত করা হয়েছে।
নীতিমালা মতে যাচাই-বাছাই করে প্রাপ্ত বরাদ্দের মধ্যে উপকারভোগী নির্বাচন করে উপকারভোগীদের এমএসআই এবং তাঁদের ব্যাংক হিসাব খোলার কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান অনলাইনে ভাতাভোগীদের ছবি এবং আঙ্গুলের ছাপ নিয়ে ব্যাংক হিসাবগুলো এনরোলমেন্ট এর কাজ চলমান রয়েছে। নতুন এবং পুরাতন ভাতাভোগীদের ১ম এবং ২য় কোয়ার্টারের (জুলাই-ডিসেম্বর/২১) পে-রোল প্রেরণ করা হয়েছে। ব্যাংক হিসাব এনরোলমেন্ট সম্পন্ন হলে ১ম এবং ২য় কিস্তির ভাতা প্রদান করা হবে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

চলমান পাতা-২

১.৫। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনাকারীন সময়ে বিদ্যালয় বন্ধ ছিল। ০২/০৩/২০২২ খ্রিঃ তারিখ থেকে বিদ্যালয়ে পাঠদান চলবে। বিদ্যালয় সংস্কার বাবদ ২ লক্ষ এবং প্লেইং ও সোসরিস বাবদ ১.৫ লক্ষ টাকা বরাদ্দ এসেছে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি কর্তৃক যাতে সুষ্ঠভাবে কাজ বাস্তবায়ন হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

১.৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে। শিক্ষা প্রতিষ্ঠান ২২/০২/২০২২ খ্রিঃ তারিখ হতে বিদ্যালয়ে পাঠদান শুরু হয়েছে। আগামী ২৬, ২৭, ও ২৮ ফ্রেব্রুয়ারি ২০২২ শীতকালীন খেলাধুলা অনুষ্ঠিত হবে। গত ১২/০২/২০২২ খ্রিঃ তারিখ থেকে ২০/০২/২২ পর্যন্ত ভ্যাকসিন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

১.৭। উপজেলা মৎস্য অফিস:

মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, অফিসে আগত মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান, মৎস্য চাষির পুকুর/খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান, অফিসে আগত মৎস্য চাষীদের পুকুর/খামার পরিদর্শন করে পানি পরীক্ষা অন্তে পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে হাট-বাজার পরিদর্শন। মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক Apps এবং হটলাইন প্রদান করা হচ্ছে। এছাড়াও রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে ২৫ জন মাছ চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে নিরাপদ পানি সরবরাহের আওতায় বরাদ্দকৃত ২৬০ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় স্থানে স্থাপনের জন্য তালিকা চাওয় হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৯। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আলোচ্য মাসে ৫ (পাঁচ) জন যুবকে নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রে গবাদী পশু পালনে প্রেরণ করা হয়েছে। এ মাসে আরো ৫ (পাঁচ) জন যুবকে কৃষি হটিকালচার প্রশিক্ষণের জন্য নওগাঁ যুব কেন্দ্রে (আবাসিক) প্রেরণ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১০। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতিসমূহের অডিট, পরিদর্শন, তদারকি/পরিচর্যা প্রভৃতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক) অডিট সম্পাদন:

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ১৭ | ২২ | ৩৯ |

খ) পরিদর্শন (সমিতি):

| গত মাস পর্যন্ত পরিদর্শন | আলোচ্য মাসে পরিদর্শন | মোট পরিদর্শন |
|---|---|---|
| ০৫ | ০৫ | ১০ |

গ) রাজস্ব আদায়: (২০২০-২০২১)

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ৮৬৩৬/- | ৯৮৭২/- | ১৮৫০৮/- |

ঘ) ঋণ কার্যক্রম (আশ্রয়ণ প্রকল্প)

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ৩০৯২৩৯৭/- | ১৫০০/- | ৩০৯৩৮৯৭/- |

ঙ) সমিতির মনিটরিং

| গত মাস পর্যন্ত | আলোচ্য মাসে | মোট |
|---|---|---|
| ০৫ | ০৫ | ১০ |

১.১১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে আলোচ্য মাসে মহাদেবপুর উপজেলায় এখনও যারা চলমান কোভিট-১৯ ভ্যাকসিন ( ১ম ডোজ) এর আওতায় আসেননি। তাদেরকে ২৬/০২/২০২২ খ্রিঃ তারিখে ভ্যাকসিন প্রদান নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান ইউনিয়ন পরিষদকে বিষয়টি ব্যাপক প্রচারসহ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। অধিকন্তু নির্ধারিত দিনে টীকা প্রদান কার্যক্রমে তদারকি করার জন্য সংশ্লিষ্ট সকলকেন্দ্রে ট্যাগ অফিসার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মেও জানান।

১.১২। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৬০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে সহায়তা প্রদান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিস কর্তৃক বাস্তবায়িত মূল কর্মসূচিসহ সকল প্রকল্প/কর্মসূচির কাজ সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে চলমান রয়েছে। কোভিট-১৯ এর কারণে স্বাস্থ্য বিধি মেনে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান আছে। আন্তবিভাগীয় কোন সমস্যা নেই। অন্যান্য সকল দাপ্তরিক কাজ সুষ্ঠ ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।

১.১৪। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে ২৬৮০ মাত্রা গবাদি পশু ও ৪৫,৫০০ মাত্রা হাঁস, মুরগীর টিকা প্রদান করা হয়েছে, ১৯২০ টি গবাদি পশু ও ১২,৫৪৬ টি হাঁস, মুরগীর চিকিৎসা করা হয়েছে। ৮৮২টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। ১৩০০০টি উন্নত মানের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পতি ৭০০৩১ জন, মোট গ্রহণকারী ৫৫৭৭৯ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৬৫%, পুরুষ- ১৬৩৯১৮ জন, মহিলা- ১৫৯৯৩৯ জন, সর্বমোট= ৩২৩৮৫৭ জন। স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম: পুরুষ- ০০ জন, মহিলা- ১৫ জন, আইইউডি- ০০ জন, ইমপ্ল্যান্ট- ৮৬ জন মোট গর্ভবতী- ১৫৯৮ জন, মোট ডেলিভারী- ২১৪ জন, সাধারণ রোগী পুরুষ- ৩৫৭ জন, মহিলা- ৩৫৪১ জন।

১.১৬। পল্লী বিদ্যুৎ সমিতি:

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তবে উপজেলা পরিষদের বিভিন্ন অফিসের আওতায় দীর্ঘ যাবৎ বকেয়া বিল অপরিশোধিত অবস্থায় রয়েছে , এই বকেয়া বিল পরিশোধের জন্য সভায় সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানান। সেচ মৌসুমে নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে কাবিট/কাবিখা বিভাজন হয়েছে এবং তালিকা অনুমোদনের জন্য জেলা ত্রাণ কার্যালয়, নওগাঁয় প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে আর বরাদ্দ বিভাজন হয়নি। অন্যান্য কাজ চলমান রয়েছে ।

১.১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, মহাদেবপুর উপজেলার খাদ্য শস্য মজুদ এর পরিমাণ চাউল সিদ্ধ=৫২৮৭.১৬৩ মে: টন এবং খালি বস্তা=৩৫৮০২২ খানা। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।

১.১৯। বন বিভাগ:

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, দপ্তরের কাজকর্ম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

১.২০। উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে,উপজেলা উন্নয়ন তহবিল এবং বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প সমূহের মধ্যে যে সমস্ত প্রকল্প পিআইসির মাধ্যমে বাস্তবায়ন যোগ্য তা ইতোমধ্যেই বাস্তবায়িত হয়েছে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন যোগ্য প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।ইতোমধ্যে Online Tender e-GP এর মাধ্যমে ঠিকাদার নির্বাচন পূর্বক প্রকল্পের কাজ শুরু করা হয়েছে।নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সুষ্ঠভাবে সম্পাদন হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

চলমান পাতা-৪।

২। বিবিধ ঃ

২.১। চেয়ারম্যান,মহাদেবপুর সভায় জানান যে,মহাদেবপুর হাটের বিভিন্ন স্হানে জলাবদ্ধতার কারণে ব্যাপক মশার উপদ্রপ হয়েছে। তা ছাড়া মহাদেবপুর হাট-বাজারের মধ্যে বাসাবাড়ি থাকার কারণে বাসাবাড়ি ড্রেনে ময়লা জমে অনেক মশার উপদ্রপ হয়েছে। হাটের বিভিন্ন ড্রেন অনেক দিন যাবত পরিস্কার না করার কারণে কোথাও কোথাও ড্রেনে ময়লা জমে ড্রেনের পানি উপছায়ে রাস্তার উপর উঠেছে। এতে হাটের বিভিন্ন স্হানে নোংরা পরিবেশ সৃষ্টি হয়েছে। তিনি জরুরী ভাবে হাটের অভ্যন্তরের মশা নিধন ও ড্রেন পরিস্কার করার জন্য সভায় অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মহাদেবপুর হাট-বাজারের খাস আদায় লব্দ অর্থের (১৪২৭ সনের) কিছু অর্থ হাট উন্নয়নের জন্য রয়েছে। উক্ত অর্থ দ্বারা মশা নিধনের জন্য মশক নিধন মেশিন (ফগার মেশিন) ক্রয় এবং অপরিস্কার ড্রেন সমূহ পরিস্কার করা যেতে পারে।

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তরিত আলোচনান্তে হাট উন্নয়নের উক্ত অর্থ দ্বারা নিম্নরুপ প্রকল্প গ্রহণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্পের নাম ঃ মহাদেবপুর হাট-বাজারের জলাবদ্ধতা দূরীকরণ,ড্রেন পরিস্কার,মশক নিধনের জন্য ফগার মেশিন ক্রয় (জ্বালানী,চালক ও ঔষধসহ)। সম্ভাব্য ব্যয়=৩,৪৫,০০০/-

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানান হয়।

২.২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ২০/১২/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার ২.১ অনুচ্ছেদে উপজেলা পরিষদের রক্ষণাবেক্ষণ খাতের ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ চত্তরের নিরাপত্তার স্বার্থে বৈদ্যুতিক খুটিতে লাইন ও বাতি স্হাপন,রাস্তা মেরামত,ড্রেন পরিস্কার হলরুমের স্যানেটারি লাইন মেরামত, ভবন এর দরজা রংকরন কাজ করা প্রয়োজন বলে জানান।

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ২০/১২/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার ২.১ অনুচ্ছেদে গৃহীত প্রকল্প না করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎস্হলে নিম্নরুপ প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) উপজেলা পরিষদ চত্ত্বরে বৈদ্যুতিক লাইন ও বাতি প্রতিস্হাপন। সম্ভাব্য ব্যয়=২,০০,০০০/-
খ) উপজেলা পরিষদ চত্ত্বরের রাস্তা মেরামত,ড্রেন পরিস্কার,হলরুমের স্যানিটারি লাইন মেরামত ও দরজা রংকরণ। সম্ভাব্য ব্যয়=১,০০,০০০/-

জরুরী ভিত্তিতে প্রকল্প দু'টি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে সভায় অনুরোধ জানান হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবীব)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০৭৪২৬-৭৫১০০
মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল:
uzpcmohadevpur@gmail.com